আজকের কাগজ

তারিখ 01 DEC 1991
পৃষ্ঠা ৬ কলাম ৪

165

# সরকারি কলেজ প্রভাষক সমিতির কর্মসূচি স্থগিত

**কাগজ প্রতিবেদক :** শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকারের সঙ্গে আলোচনার প্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কলেজ প্রভাষক সমিতি তাদের কর্মবিরতি কর্মসূচি স্থগিত করেছে। আজ রোববার থেকে ১২ দফা দাবিতে সমিতি কর্মবিরতি শুরু করতে চেয়েছিলো।

গতকাল শনিবার দুপুরে প্রভাষক সমিতির সঙ্গে শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার এবং শিক্ষা সচিব মীর মুস্তাফিজুর রহমানের এক জরুরি বৈঠক হয়েছে। বৈঠকে সমিতির ১২ দফা দাবি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। মন্ত্রী পর্যায়ক্রমে দাবি পূরণের আশ্বাস দিলে তাঁরা তাদের কর্মবিরতির কর্মসূচি স্থগিত ঘোষণা করেন বলে সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে।

বৈঠকে সংগঠনের সভাপতি কামাল আতাউর রহমানসহ আ.ক. মুহম্মদ সানাউল্লাহ, এসএম হাতেম আলী, মিসেস নাজনীন বেগম, হীরেন্দ্র লাল বিশ্বাস, আবদুস সাত্তার, সাব্বির আহমেদ প্রমুখ শিক্ষক নেতা উপস্থিত ছিলেন।